



জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের নতুন কার্যনির্বাহী পরিষদ



গত ১২ নভেম্বর ২০২১ তারিখ জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের নতুন কার্যনির্বাহী পরিষদ গঠিত হয়। কার্যনির্বাহী পরিষদে সভাপতি হিসেবে চারুকলা বিভাগের ৪র্থ বর্ষের অঅরাফাত ইসলাম আমান এবং সাধারণ সম্পাদক পদে হিসাববিজ্ঞান বিভাগের ৪র্থ বর্ষের নিলয় দেব সহ পূর্ণাঙ্গ কমিটি গঠিত হয়।

এই উপলক্ষে ১২ জানুয়ারি ২০২২, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের নতুন কার্যনির্বাহী পরিষদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদের মেন্টর অধ্যাপক জুনায়েদ আহমেদ হালিমসহ নতুন কার্যনির্বাহী পরিষদের নেতৃত্ব উপস্থিত ছিলেন।